# সরকারি আইনউদ্দীন কলেজ,মধুখালী,ফরিদপুর।

শ্রেণি: একাদশ

অধ-বার্ষিক পরীক্ষা-২০২১

বিষয়: বাংলা ১ম ও ২য় পত্র

পূর্ণমান: ১০০

১। এক কথায় উত্তর দাও ২০টি ২০

ক) বন্ধু হরিশ কোথায় কাজ করে?

খ) বিনুদা মেয়ে দেখে এসে কী বলেছিল?

গ) "ঠাট্টা তো আপনিই করিয়া সারিয়াছেন" উক্তিটি কার?

ঘ) সেকরা পরীক্ষা করে নকল জিনিস কোনটি বলেছিল?

ঙ) মৃতুঞ্জয়কে কে চিকিৎসা করেছিল?

চ) নালতে মিত্তির বলে সমাজে কার মুখ বাহির করার যো রহিল না?

ছ) "আমরা কেন মিছামিছি লোক ঠকাতে যাই" উক্তিটি কার?

জ) রাশি রাশি সোনার ধান কেটে কে অপেক্ষমান?

ঝ) "সোনার তরীতে কার স্থান হয় না।

ঞ) সোনার তরী কবিতায় গ্রামটি কিসে ঢাকা?

ট) "বিদ্রোহী" কবিতায় কঠোর কুঠারটি কার?

ঠ) ডমরু কী?

ড) "বিদ্রোহী" কবিতা কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ঢ) মহব্বত নগর গ্রামের নবাগত লোকটি কে?

ণ) আশীতিপর বৃদ্ধটি কে?

ত) "লালনালু" উপন্যাসে 'দশ কথায় কার রা নেই?

থ) ঝড় এলে কার হই হই করার অভ্যাস?

দ) হল্যান্ডের অধিবাসীদের কী বলা হয়?

ধ) "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা" উক্তিটি কার?

ন) "জগৎশেঠ" কার উপাধি?

২। নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও। ১০

গাহি সাম্যের গান-
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ কাল পাত্রের ভেদ,অভেদ ধর্ম জাতি,
সব দেশে সবকালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।

ক) "বিলাসী" গল্পের বর্ণনাকারী কে?

খ) মৃত্যুঞ্জয়ের জাত বিসর্জনের কারণ বর্ণনা কর।

ঘ) উদ্দীপকটি 'বিলাসী' গল্পের কোন বিষয়টির সঙ্গে বৈসাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

ঘ) বিষয়গত বৈসাদৃশ থাকলেও উদ্দীপকটি "বিলাসী" গল্পের লেখকের মানস চেতনার প্রতিনিধিত্ব করে।-মন্তব্যটি বিশ্লেষণ কর।

৩। নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও। ১০

আমায় নহে গো ভালোবাস, শুধু ভালোবাস মোরে গান।
বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান।
চাঁদেরে কে চায়, জোছনা সবাই য়াচে
গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি মাঝে।

ক) "ক্ষুরধার" শব্দের অর্থ কী?

খ) শূণ্য নদীর তীরে কৃষক একা দাঁড়িয়ে থাকে কেন? ব্যাখ্যা কর।

গ) "সোনার তরী" কবিতার কৃষকের সঙ্গে উদ্দীপকের বনের পাখির তুলনামূলক আলোচনা কর।

ঘ) "সোনার তরী" মূল বক্তব্য যেন উদ্দীপকের 'গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি মাঝে' চরণের মধ্যে নিহিত-আলোচনা কর।

৪। সিরাজউদ্দৌলা নাটকের প্রথম অঙ্কের চরিত্র ও কাহিনী সংক্ষেপ দৃশ্য অনুযায়ী লেখ। ১০

## বাংলা দ্বিতীয় পত্র

৫। "এ" ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

৬। বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

৭। পারিভাষিক শব্দ লেখ Acting, Agenda, Cabinet, Sabotage, Book Post, Census, Editor, Index, Global, Oath ১০

৮। "শিক্ষায় জাতির মেরুদণ্ড" সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর- ১০

৯। প্রবন্ধ রচনা কর- চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞানের অবদান ২০